খুবিতে ছাত্রী হলের ওয়াশরুমে ভিডিও ধারণ

# ক্লাস-পরীক্ষা বর্জনে ক্যাম্পাস উত্তাল

**খুলনা প্রতিনিধি** ●

খুলনা বিশ্ববিদ্যালয়ের (খুবি) বিজয় '২৪ হলের ছাত্রী ওয়াশরুমে গোপনে ভিডিও ধারণের চাঞ্চল্যকর ঘটনায় ক্যানটিনকর্মী ইমাম হাসান আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন। এ ঘটনায় অভিযুক্তের স্ত্রী রুপা মনিকেও আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে। তবে ঘটনার পর থেকে ক্যাম্পাসজুড়ে চরম উত্তেজনা বিরাজ করছে। হলের নিরাপত্তা নিশ্চিতকরণসহ একাধিক দাবিতে শিক্ষার্থীরা দ্বিতীয় দিনের মতো ক্লাস-পরীক্ষা বর্জন, বিক্ষোভ ও প্রশাসনিক ভবনে তালা ঝুলিয়ে প্রতিবাদ অব্যাহত রেখেছেন।

আমাদেরসময়

ঘটনার বিবরণীতে জানা যায়, গত বুধবার রাতে হলের গণরুমসংলগ্ন ওয়াশরুমের ভেন্টিলেটরের ফাঁক দিয়ে এক ছাত্রীর ভিডিও ধারণের চেষ্টা চালান ইমাম হাসান। বিষয়টি টের পেয়ে শিক্ষার্থীরা তাকে ও তার স্ত্রীকে হাতেনাতে ধরে পুলিশে দেন। প্রাথমিক জিজ্ঞাসাবাদের পর পুলিশ তাদের আদালতে পাঠালে ইমাম হাসান দায় স্বীকার করে জবানবন্দি দেন। হরিণটানা থানার ওসি মো. হেলাল উদ্দিন জানান, এ ঘটনায় মামলা হয়েছে এবং পুলিশ তদন্ত চালিয়ে যাচ্ছে। ক্যাম্পাসের নিরাপত্তা রক্ষায় কর্তৃপক্ষের চরম উদাসীনতার অভিযোগ তুলে শিক্ষার্থীরা প্রধান ফটক ও প্রশাসনিক ভবনে তালা ঝুলিয়ে দেন। আন্দোলনের অংশ হিসেবে তারা পূর্বে যৌন হয়রানিতে অভিযুক্ত দুই শিক্ষকের বিচার এবং বর্তমান ঘটনার সুষ্ঠু নিষ্পত্তি না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন।

পরিস্থিতি সামাল দিতে বিশ্ববিদ্যালয় প্রশাসন ইতোমধ্যে ক্যানটিনের বরাদ্দ বাতিল, কর্মচারীদের ফোন ব্যবহারে নিষেধাজ্ঞা জারি এবং তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে। উপাচার্য অধ্যাপক ড. রেজাউল করিম কঠোর ব্যবস্থার আশ্বাস দিয়ে জানান, তদন্তে প্রমাণিত হলে দোষীদের বিরুদ্ধে প্রচলিত আইন ও বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী সর্বোচ্চ ব্যবস্থা নেওয়া হবে।